৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

## প্রকল্প পরিবীক্ষণ ছক

| | | |
|---|---|---|
| পরিদর্শনের তারিখ | : | ২৪.০৩.২০১৮ খ্রি: |
| পরিদর্শনকারী কর্মকর্তার নাম | : | জনাব মোহাম্মদ আরিফুর রহমান |
| পদবী | : | উপ-পরিচালক |
| সেক্টর | : | পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ (**শিক্ষা ও সামাজিক)** |

### ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১. প্রকল্পের নাম: "মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শক্তিশালীকরণ" প্রকল্প।

২. প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩.

৩.১ অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): জিওবি।

৩.২ উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪.

৪.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৪.২ বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত: (লক্ষ টাকা)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়ন কাল | অনুমোদনের তারিখ | *পরিবর্তন(+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ৩৪৫৭৭.০০ | ৩৪৫৭৭.০০ | - | - | জুলাই, ২০১৬ থেকে জুন, ২০১৯ | ২৫/১০/২০১৬ (একনেক কর্তৃক) | - | - |
| সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |
| সংশোধিত (২য়) (প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | - | - | - | - | - | - |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | - | - | - | - | - | - | - | - |

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%) : প্রযোজ্য নয়।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%) : প্রযোজ্য নয়।

৬. প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে):

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/ পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| ঢাকা | টাঙ্গাইল | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল পৌরসভা | - |

৭. প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত):

- বিশ্ববিদ্যালয়ের ১১টি বিভাগের ৩৩০ জন শিক্ষক-কর্মকর্তা/কর্মচারী ও ৩৩০০ জন শিক্ষার্থীর স্থান সংকুলানের জন্য একটি ১২তলা বিশিষ্ট একাডেমিক কাম রিসার্চ ভবন নির্মাণের মাধ্যমে শিক্ষিত মানব সম্পদ তৈরী করা;
- ৭০০ জন ছাত্র, ৭০০ জন ছাত্রী, ৫টি শিক্ষক পরিবার ও ৫টি কর্মকর্তা পরিবারের আবাসন সুবিধা প্রদান করে শিক্ষা ব্যবস্থার সার্বিক উন্নয়ন সাধন করা;
- স্বচ্ছ, জবাবদিহিমূলক প্রশাসনিক সমন্বিত দাপ্তরিক পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের ৬৫০জন কর্মকর্তা-কর্মচারীর মধ্যে ৪৫০ জন কর্মকর্তা-কর্মচারীর দাপ্তরিক স্থান সংকুলানের সুযোগ তৈরী করা;
- ল্যাবরেটরী সুবিধা, স্বাস্থ্য সেবা, খেলাধুলা সুবিধাদি ও পরিবহণ সেবার সাথে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সুযোগ বৃদ্ধি করা;
- খেলাধুলার মাঠ, ছাত্র শিক্ষক কেন্দ্র, ইনডোর গেমস এবং বিশ্ববিদ্যালয়ে সহযোগী দপ্তরসমূহের স্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে শরীর চর্চা, সামাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ডে শিক্ষার্থীদের নিয়োজিত করে প্রকৃত মানব সম্পদ তৈরী করা; এবং
- উন্নত জীবন যাত্রার মাধ্যমে উন্নত শিক্ষা প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের রাস্তা, ড্রেন, গ্যাস সরবরাহ ও আয়রনমুক্ত পানি সরবরাহে সংশ্লিষ্ট সেবামূলক অবকাঠামোর উন্নয়ন করা।

## খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

**৮. অঙ্গভিত্তিক অগ্রগতি:** **(লক্ষ টাকা)**

| ক্র: নং | অঙ্গের নাম | একক | ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | সর্বশেষ ৩০ জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি ২০১৭-১৮ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | চলতি অর্থবছরের মার্চ ২০১৮ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | | ০৫ | | ০৬ | | ০৭ | |
| | | | বাস্তব (পরিমাণ/ সংখ্যা) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক |
| ০১. | বই ও সাময়িকী ক্রয় | সংখ্যা | ১৯০৬টি | ৮২.০০ | ২৪% | ২০.০০ | ৫১% | ৪২.০০ | - | - |
| ০২. | পরামর্শক সেবা | থোক | থোক | ২৪২.০০ | ২১% | ৫০.০০ | ৫৮% | ১৪০.০০ | - | - |
| ০৩. | বিভিন্ন কমিটি'তে ভাতা ও সম্মানী | থোক | থোক | ৪০.০০ | ২৫% | ১০.০০ | ৫০% | ২০.০০ | - | - |
| ০৪. | বিবিধ | থোক | থোক | ২১.০০ | ৩৩% | ৭.০০ | ৩৩% | ৭.০০ | - | - |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০৫. | যানবাহন ক্রয় (ছাত্রদের জন্য-২টি বাস, শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ১টি মিনিবাস ও ১টি মাইক্রোবাস ক্রয়) | সংখ্যা | ৪টি | ১৮৭.০০ | ৫৬% | ১০৫.০০ | ৪৪% | ৮২.০০ | - | - |
| ০৬. | বৈজ্ঞানিক/ল্যাব যন্ত্রপাতি ক্রয় | সংখ্যা | ১৭০৫টি | ১৭৮৮.০০ | ৪৭% | ৮৩৯.০০ | ৫% | ৮৮.০০ | - | - |
| ০৭. | মেডিক্যাল যন্ত্রপাতি | সংখ্যা | ২৪টি | ১০৬.০০ | ৮৫% | ৯০.০০ | ২৮% | ৩০.০০ | - | - |
| ০৮. | ক্রীড়া সামগ্রী ক্রয় | সংখ্যা | ১১২৬টি | ৪৯.০০ | ৫৯% | ২৯.০০ | ২০% | ১০.০০ | - | - |
| ০৯. | অফিস যন্ত্রপাতি ক্রয় | সংখ্যা | ১৭৬টি | ১৩৬.০০ | ৬৬% | ৯০.০০ | - | - | - | - |
| ১০. | প্রস্তাবিত ভবনসমূহের জন্য আসবাবপত্র ক্রয় | সংখ্যা | ১৮৭৩৬টি | ২১৯৪.০০ | - | - | - | - | - | - |
| ১১. | ভূমি অধিগ্রহণ | একর | ১২.৭৪ | ৩৭৬২.০০ | ১০০% | ৩৭৬২.০০ | | - | - | - |
| ১২. | ভূমি উন্নয়ন | ঘঃমিঃ | ১৬৮৮২২ ঘঃমিঃ | ৪৯১.০০ | - | - | ৪১% | ২০০.০০ | ১২% | ৫৮.০০ |
| ১৩. | ১০তলা বিশিষ্ট প্রশাসনিক অ্যানেক্স উত্তর ভবন নির্মাণ | বঃমিঃ | ১২৫৫৭ বঃমিঃ | ৩৫৭০.০০ | - | - | ১৭% | ৬০০.০০ | ১% | ৪৮.০০ |
| ১৪. | নির্মানাধীন ৩য় ছাত্র হলের অবশিষ্ট অংশ (৩য়, ৪র্থ ও ৫ম তলার) উর্ধ্বমুখী সম্প্রসারণ (২৫০ ছাত্রের জন্য) | ব:মি: | ৩৭৩০ ব:মি: | ৯৯১.০০ | - | - | ৬১% | ৬০০.০০ | ৮% | ৭৫.০০ |
| ১৫. | ৭০০ আসন বিশিষ্ট ২য় ছাত্রী হলের অবশিষ্ট অংশ ১০তলা বিশষ্ট ভবন নির্মাণ | ব:মি: | ১২৭২৬ ব:মি: | ৩৯৭১.০০ | - | - | ১৩% | ৫০০.০০ | ১% | ৫৫.০০ |
| ১৬. | ১০তলা ভিতে ৫ম তলা বিশিষ্ট ছাত্র হল নির্মাণ (৪৫০ জন ছাত্রের জন্য) | ব:মি: | ৯৯৭৪ ব:মি: | ৩৫২২.০০ | - | - | ৭% | ২৫০.০০ | ১% | ৫১.০০ |
| ১৭. | সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের জন্য আবাসিক ভবন নির্মাণ (১০ তলা ভিতে ৫ তলা পর্যন্ত) (প্রতি তলায় ০২টি ইউনিট গ্রেড ৩ ও ৪ এর জন্য) | ব:মি: | ১৮৭৩ ব:মি: | ৭০২.০০ | - | - | ২৮% | ২০০.০০ | - | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৮. | ১২তলা বিশিষ্ট একাডেমিক কাম রিসার্চ ভবন নির্মাণ (বেসমেন্টসহ) | ব:মি: | ২৯৩৪২ ব:মি: | ৯০৮৬.০০ | - | - | ১৭% | ১৫২২.০০ | ১% | ৭৮.০০ |
| ১৯. | মাল্টিপারপাস ভবন নির্মাণ (১০তলা ভিতে ৫তলা পর্যন্ত) | ব:মি: | ৫৬৩৩ ব:মি: | ১৯৫৮.০০ | - | - | ২৬% | ৫০০.০০ | - | - |
| ২০. | মাটি ভরাটসহ আভ্যন্তরীণ আরসিসি রাস্তা নির্মাণ | ব:মি: | ৬৪২৫ ব:মি: | ৪১৫.০০ | - | - | - | - | - | - |
| ২১. | কালভার্ট নির্মাণ | সংখ্যা | ৪টি | ১২০.০০ | - | - | ৪২% | ৫০.০০ | - | - |
| ২২. | আরসিসি ড্রেইন ও ঢাকনাযুক্ত ডাস্টবিন নির্মাণ | মি: | ১২৬০মি: | ১৩৯.০০ | - | - | - | - | - | - |
| ২৩. | আয়রন রিমোভাল প্ল্যান্টসহ পানি সরবরাহ ব্যবস্থা | ঘঃমিঃ/ ঘন্টা | ৮০ ঘ:মি: | ৪০০.০০ | - | - | - | - | - | - |
| ২৪. | নতুন স্থাপনাসমূহে বহিঃগ্যাস লাইন সংযোগ | মি: | ১৫০০মি: | ২৫.০০ | - | - | - | - | - | - |
| ২৫. | ফিজিক্যাল কন্টিনজেন্সি | % | ১% | ২৪২.০০ | - | - | - | - | - | - |
| ২৬. | প্রাইজ কন্টিনজেন্সি | % | ১% | ৩৩৮.০০ | - | - | - | - | - | - |
| | মোট= | - | - | ৩৪৫৭৭.০০ | ১৪.৪৭% | ৫০০২.০০ | ১৪% | ৪৮৪১.০০ | ১% | ৩৭৫.০০ |

**৯. অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:**

(লক্ষ টাকা)

| অর্থ বছর | ডিপিপি/টিপিপি সংস্থান | এডিপি/আরএডিপি বরাদ্দ | অর্থ ছাড় (%) (মার্চ, ১৮ পর্যন্ত) | প্রকৃত ব্যয় (%) (মার্চ, ১৮ পর্যন্ত) |
|---|---|---|---|---|
| ২০১৬-১৭ | ৫০৭৭.০০ | ৫০০২.০০ | ৫০০২.০০ (১০০%) | ৫০০২.০০ (১০০%) |
| ২০১৭-১৮ | ১৩৯০০.০০ | ৪৮৪১.০০ | ৩৭৫.০০ (৭.৭৫%) | ৩৭৫.০০ (৭.৭৫%) |
| ২০১৮-১৯ | ১৫৬০০.০০ | - | - | - |
| মোট= | ৩৪৫৭৭.০০ | ৯৮৪৩.০০ | ৫৩৭৭.০০ (১৫.৫৫%) | ৫৩৭৭.০০ (১৫.৫৫%) |

১০. (ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ৩৫টি (পণ্য ১৯টি, কার্য ১৩টি, সেবা ৩টি)।

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

| প্যাকেজ | দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| Construction of RCC Pavement Link Road from Cental Mosque to Teachers Officers Dormitory. | ২২/০৮/২০১৭<br>২৫,০২,২৩৬/= | ১৮/১১/২০১৭<br>২৩,৭৭,১২৫/= | ১৮/০২/২০১৮ | সমাপ্ত | - |
| Construction of 50'-0" Length RCC Bridge Box Type on Canal at North West Corner of Vice Chancellors Residence. | ২৭/০৮/২০১৭<br>৫৫,৪৬,৪১৮/= | ১৮/১১/২০১৭<br>৫২,৬৯,০৯৭/= | ১৮/০৩/২০১৮ | চলমান | ১. ঠিকাদারের গাফিলতি;<br>২. নির্মাণ সামগ্রীর অভাব। |
| Construction of Vertical Extension (Rest 2nd, 3rd and 4th Floor) 3rd Male Students Hall for 250 seat capacity. | ২৭/০৮/২০১৭<br>৯,৩৮,১৭,৬৩২/= | ১৮/১১/২০১৭<br>৮,৫২,৪৫,০০১/= | ৩০/০৪/২০১৮ | চলমান | ১. ঠিকাদারের গাফিলতি;<br>২. নির্মাণ সামগ্রীর অভাব। |
| Construction of 12 storied Academic-Cum-Research Building with basement floor including sanitary internal electrification and fire fighting works. | ১২/১১/২০১৭<br>৮৮,৭১,৬৫,৭৫৩/= | ১৪/০২/২০১৮<br>৭৯,৮৪,৫৫,৭০০/= | ২৯/০৬/২০১৯ | চলমান | - |
| Construction of Administrative Annex 10-storied North Building including sanitary internal electrification and fire fighting works. | ১২/১১/২০১৭<br>৩৫,৭৬,৪৩,১৫৪/= | ১৪/০২/২০১৮<br>৩২,১৮,৮৫,০০১/= | ২৯/০৬/২০১৯ | চলমান | - |
| Construction of Rest part 10-storied of 2nd Female Students Hall for 700 seat capacity including sanitary internal electrification and fire fighting works. | ১২/১১/২০১৭<br>৩৪,৬৪,৪৮,৫৬২/= | ০৬/০৩/২০১৮<br>৩২,২৬,৪৯,৯৯৯/= | ২৯/০৬/২০১৯ | চলমান | - |
| Construction of Multipurpose Building up to 4th floor with 10-soried foundation including sanitary internal electrification and fire fighting works. | ১২/১১/২০১৭<br>২০,৫৮,৮৯,৮৬১/= | ২৩/০১/২০১৮<br>১৮,৫৩,০৯,০১৩/= | ২৯/০৬/২০১৮ | চলমান | - |
| Construction of Senior Teachers & Officers Quarters up to 10-storied Foundation Grade 3 & 4 2-Unit for each floor including sanitary internal electrification and fire fighting works. | ১২/১১/২০১৭<br>৭,৩০,৪৯,৪১২/= | ২৩/০১/২০১৮<br>৬,৫৮,৭৯,৯৯৯/= | ২৯/০৬/২০১৯ | চলমান | - |
| Procurement of Medical Equipments (4001) | ০৪/১০/২০১৭<br>২৩,৩০,৪০০/= | ২৭/১১/২০১৭<br>১৮,৪৪,৫০০/= | ২৭/০১/২০১৮ | - | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হয়েছে। |
| Procurement of Automation Equipments (4002) | ০৪/১০/২০১৭<br>৮,৭৮,৫০০/= | ২৭/১১/২০১৭<br>৯,৪৭,৩০০/= | ২৭/০১/২০১৮ | - | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হয়েছে। |
| Procurement of Scientific Equipments for CSE & ICT Department (4003) | ১৮/১২/২০১৭<br>৪২,৭৮,৮৪৪/= | ১৪/০২/২০১৮<br>৪২,১৯,১১৮/= | ০৩/০৩/২০১৮ | - | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হয়েছে। |
| Procurement of Scientific Equipments for 09 Academic Department (4004) | ১৮/১২/২০১৭<br>৬৯,১৩,১৯৬/= | ১৭/০২/২০১৮<br>৬৬,৫৩,৯১৫/= | ০৩/০৩/২০১৮ | - | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হয়েছে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Procurement of Labaratory Equipments for Department of Pharmacy (4005) | ১৮/১২/২০১৭<br>৪৯,৫০,৫০০/= | ১৯/০২/২০১৮<br>৪৪,৬০,০০০/= | ২১/০৫/২০১৮ | চলমান | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হবে। |
| Procurement of Labaratory Equipments for Department of BMB (4006) | ১৮/১২/২০১৭<br>২৬,৩৪,০০০/= | ১৮/০২/২০১৮<br>২৬,৯৫,০০০/= | ১৭/০৫/২০১৮ | চলমান | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হবে। |
| Procurement of Labaratory Equipments for Department of BGE & BMB (4007) | ১৮/১২/২০১৭<br>৩২,০০,০০০/= | ১৮/০২/২০১৮<br>৩০,০০,০০০/= | ১৭/০৫/২০১৮ | চলমান | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হবে। |
| Procurement of Labaratory Equipments for Department of ESRM (4008) | ১৮/১২/২০১৭<br>৪২,৬৫,০০০/= | ২৭/০২/২০১৮<br>৩৮,৫০,০০০/= | ২৮/০৫/২০১৮ | চলমান | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হবে। |
| Procurement of Glassware for Department of Chemisry (4009) | ১৮/১২/২০১৭<br>৫,৯৭,৩৫০/= | ২৭/০২/২০১৮<br>৩,৮৯,৫০০/= | ২৮/০৪/২০১৮ | চলমান | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হবে। |
| Procurement of Chemicals for Department of Chemistry (4010) | ১৩/০২/২০১৮<br>৬,১১,৩২০/= | ২৭/০২/২০১৮<br>৪,৮৯,০৬০/= | ২৮/০৪/২০১৮ | চলমান | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হবে। |
| Procurement of Books for 06 Departments (4011) | ১১/১২/২০১৭<br>৪,৪০,৭৬২/= | ১৯/০২/২০১৮<br>৩,৯০,২৯৮/= | ২০/০৪/২০১৮ | চলমান | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হবে। |
| Procurement of Books for 09 Departments (4012) | ১৮/১২/২০১৭<br>৫,৪০,৮৩৩/= | ১৯/০২/২০১৮<br>৫,১১,৬৬৪/= | ১৯/০৪/২০১৮ | চলমান | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হবে। |
| Procurement of Labaratory Equipments for Department of TE (4013) | ১৩/০২/২০১৮<br>৫৫,৩৫,০০০/= | ১৮/০২/২০১৮<br>৫৪,৪৩,২৮১/= | ১৭/০৫/২০১৮ | চলমান | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হবে। |
| Procurement of Labaratory Equipments for Department of FTNS (4014) | ১৩/১২/২০১৭<br>৩২,৩০,০০০/= | ১৮/০২/২০১৮<br>৩১,৭৫,০০০/= | ১৭/০৫/২০১৮ | চলমান | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হবে। |
| Procurement of Labaratory Equipments for Department of Chemistry (4015) | ১৩/০২/২০১৮<br>৩৯,৪৯,০০০/= | ১৮/০২/২০১৮<br>৩৩,৯০,৪৯১/= | ১৭/০৫/২০১৮ | চলমান | নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন হবে। |

**১১. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):**

| প্রকল্প পরিচালক-এর আইডি নং | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | প্রকল্প সংখ্যা |
| জনাব মোঃ মোস্তফা কামাল | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল। | জুলাই ২০১৬ হতে অদ্যাবধি | অতিরিক্ত দায়িত্ব | না | ০১ |

**১২. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে):**

প্রকল্পটি'র আওতায় প্রস্তাবিত ভৌত অবকাঠামো নির্মাণের লক্ষ্যে অনুমোদিত ডিপিপি'তে ১২.৭৪ একর জমি অধিগ্রহণের জন্য নির্ধারিত ছিল। উক্ত খাতে ৩৭৬২.০০ লক্ষ টাকা ব্যয় নির্বাহের জন্য নির্ধারিত রয়েছে। মার্চ ২০১৮ পর্যন্ত নির্ধারিত জমি অধিগ্রহণ করা হয়েছে এবং নির্ধারিত ব্যয় ৩৭৬২.০০ লক্ষ টাকা নির্বাহ করা হয়েছে মর্মে পরিদর্শনকালে জানানো হয়েছে। অন্যান্য অবকাঠামো মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব জায়গায় নির্মিত হচ্ছে। এর জন্য জায়গা ইতোমধ্যে নির্ধারণ করা হয়েছে। ফলে, প্রকল্পের আওতায় অবকাঠামো নির্মাণের জন্য প্রয়োজনীয় ভুমির সংস্থান রয়েছে মর্মে জানানো হয়েছে। এছাড়া, যন্ত্রপাতি ক্রয়/স্থাপন ও ভৌত কাজ পুরোপুরিভাবে সম্পন্ন না হওয়ায় ইউটিলিটি সংযোগ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি।

১৩. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

বিশ্ববিদ্যালয়ের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় পরিচালিত কার্যক্রমের অংশ হিসেবে আলোচ্য প্রকল্পের অডিট নিষ্পন্ন হলেও প্রকল্পের জন্য পৃথকভাবে কোন অডিট পরিচালনা এখনও করা হয়নি। তবে, বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের অডিট কাজ সম্পন্ন হয়েছে বলে জানা গেছে। এখন পর্যন্ত প্রকল্প কার্যক্রমের জন্য কোন অডিট আপত্তি উত্থাপিত হয়নি মর্মে জানা গেছে।

১৪. স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত:

এখন পর্যন্ত প্রকল্পের আওতায় কোন স্টিয়ারিং কমিটি'র সভা অনুষ্ঠিত হয়নি। ১টি প্রকল্প বাস্তবায়ন কমিটি'র সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রকল্পের আওতায় ভৌত কাজের ডিজাইন প্রণয়ন; দরপত্র প্রক্রিয়াকরণ; প্রকল্পের মূল অনুমোদিত ডিপিপি'তে প্রস্তাবিত ভৌত কাজের পরিমান বাস্তবতার নিরিখে বৃদ্ধি করা; ভৌত কাজের গুনগত মান বজায় রাখা; নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সম্পন্ন করা এবং বাস্তব চাহিদার প্রেক্ষিতে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক ইতোমধ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে জানা গেছে।

১৫. Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে): প্রযোজ্য নয়।

## গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৬. (ক) পরিদর্শনকৃত এলাকা: মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল।

(খ) পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ: প্রকল্পটি ইতোপূর্বে আইএমইডি কর্তৃক পরিদর্শন করা হয়নি।

১৭. পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:

ক. অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি/টিএপিপি'র সংস্থান প্রতিপালন:

প্রকল্পের মূল কার্যক্রম হচ্ছে বই ও সাময়িকী ক্রয়; পরামর্শক সেবা; বিভিন্ন কমিটি'তে ভাতা ও সম্মানী; বিবিধ; যানবাহন ক্রয় (ছাত্রদের জন্য-২টি বাস, শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ১টি মিনিবাস ও ১টি মাইক্রোবাস ক্রয়); বৈজ্ঞানিক/ল্যাব যন্ত্রপাতি ক্রয়; মেডিক্যাল যন্ত্রপাতি ক্রয়; ক্রীড়া সামগ্রী ক্রয়; অফিস যন্ত্রপাতি ক্রয়; প্রস্তাবিত ভবনসমূহের জন্য আসবাবপত্র ক্রয়; ভূমি অধিগ্রহণ; ভূমি উন্নয়ন; ১০তলা বিশিষ্ট প্রশাসনিক অ্যানেক্স উত্তর ভবন নির্মাণ; নির্মানাধীন ৩য় ছাত্র হলের অবশিষ্ট অংশ (৩য়, ৪র্থ ও ৫ম তলার) উর্ধ্বমুখী সম্প্রসারণ (২৫০ ছাত্রের জন্য); ৭০০ আসন বিশিষ্ট ২য় ছাত্রী হলের অবশিষ্ট অংশ ১০তলা বিশষ্ট ভবন নির্মাণ; ১০তলা ভিতে ৫ম তলা বিশিষ্ট ছাত্র হল নির্মাণ (৪৫০ জন ছাত্রের জন্য); সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের জন্য আবাসিক ভবন নির্মাণ (১০ তলা ভিতে ৫ তলা পর্যন্ত) (প্রতি তলায় ০২টি ইউনিট গ্রেড ৩ ও ৪ এর জন্য); ১২তলা বিশিষ্ট একাডেমিক কাম রিসার্চ ভবন নির্মাণ (বেসমেন্টসহ); মাল্টিপারপাস ভবন নির্মাণ (১০তলা ভিতে ৫তলা পর্যন্ত); মাটি ভরাটসহ আভ্যন্তরীণ আরসিসি রাস্তা নির্মাণ; কালভার্ট নির্মাণ; আরসিসি ড্রেইন ও ঢাকনাযুক্ত ডাস্টবিন নির্মাণ; আয়রন রিমোভাল প্ল্যান্টসহ পানি সরবরাহ ব্যবস্থা; নতুন স্থাপনাসমূহে বহিঃগ্যাস লাইন সংযোগ; ফিজিক্যাল কন্টিনজেন্সি এবং প্রাইস কন্টিনজেন্সি ইত্যাদি। প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা মোতাবেক ২০১৬-১৭ অর্থ বছরে ৫০৭৭.০০ লক্ষ টাকা; ২০১৭-১৮ অর্থ বছরে ১৩৯০০.০০ লক্ষ টাকা এবং ২০১৮-১৯ অর্থ বছরে ১৫৬০০.০০ লক্ষ টাকা ব্যয় নির্বাহের জন্য নির্ধারিত রয়েছে।

প্রকল্পটি জুন, ২০১৯ সময়ে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও জুন, ২০১৭ পর্যন্ত বই ও সাময়িকী ক্রয় খাতে ২০.০০ লক্ষ টাকা; পরামর্শক সেবা খাতে ৫০.০০ লক্ষ টাকা; বিভিন্ন কমিটি'তে ভাতা ও সম্মানী খাতে ১০.০০ লক্ষ টাকা; বিবিধ খাতে ৭.০০ লক্ষ টাকা; যানবাহন ক্রয় (ছাত্রদের জন্য-২টি বাস, শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ১টি মিনিবাস ও ১টি মাইক্রোবাস ক্রয়) খাতে ১০৫.০০ লক্ষ টাকা; বৈজ্ঞানিক/ল্যাব যন্ত্রপাতি ক্রয় ৮৩৯.০০ লক্ষ টাকা; মেডিক্যাল যন্ত্রপাতি খাতে ৯০.০০ লক্ষ টাকা; ক্রীড়া সামগ্রী ক্রয় খাতে ২৯.০০ লক্ষ টাকা; অফিস যন্ত্রপাতি ক্রয় খাতে ৯০.০০ লক্ষ টাকা; ভূমি অধিগ্রহণ খাতে ৩৭৬২.০০ লক্ষ টাকা অর্থাৎ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৪৫৭৭.০০ লক্ষ টাকার ১৪.৫৬% (৫০০২.০০ লক্ষ টাকা) ব্যয় হয়েছে।

**খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ:**

প্রকল্পের আওতায় ভৌত কাজ বাস্তবায়নের নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ভৌত কাজের নকশা প্রণয়নপূর্বক দরপত্র আহ্বান করা হয়েছে এবং কার্যাদেশ প্রদান করা হয়েছে। ক্রয় প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ ও সরকারের নির্ধারিত পরিপত্র ও বিধিমালা অনুসরণ করা হয়েছে মর্মে পরিদর্শনকালে অবহিত করা হয়েছে। একইভাবে প্রকল্পের প্রস্তাবিত যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত স্পেসিফিকেশন প্রণয়নপূর্বক দরপত্র আহ্বান করা হয়েছে। প্রকল্পের ভৌত কাজ বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগ কর্তৃক সম্পাদন করা হচ্ছে এবং যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়সহ প্রস্তাবিত অন্যান্য কার্যক্রম প্রকল্প পরিচালকের কার্যালয়ের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে।

গ. গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):

- **সম্পাদিত কাজ:**

প্রকল্পের আওতায় সংস্থানকৃত বই ও সাময়িকী ক্রয় খাতে ৬২.০০ লক্ষ টাকা; পরামর্শক সেবা খাতে ৫০.০০ লক্ষ টাকা; বিভিন্ন কমিটি'তে ভাতা ও সম্মানী খাতে ১০.০০ লক্ষ টাকা; বিবিধ খাতে ৭.০০ লক্ষ টাকা; যানবাহন ক্রয় (ছাত্রদের জন্য-২টি বাস, শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ১টি মিনিবাস ও ১টি মাইক্রোবাস ক্রয়) খাতে ১৮৭.০০ লক্ষ টাকা; বৈজ্ঞানিক/ল্যাব যন্ত্রপাতি ক্রয় খাতে ৯৪১.০০ লক্ষ টাকা; মেডিক্যাল যন্ত্রপাতি ক্রয় খাতে ১০৬.০০ লক্ষ টাকা; ক্রীড়া সামগ্রী ক্রয় খাতে ৩৯.০০ লক্ষ টাকা; অফিস যন্ত্রপাতি ক্রয় ৯০.০০ লক্ষ টাকা; ভূমি অধিগ্রহণ খাতে ৩৭৬২.০০ লক্ষ টাকা; ভূমি উন্নয়ন খাতে ৫৮.০০ লক্ষ টাকা; ১০তলা বিশিষ্ট প্রশাসনিক অ্যানেক্স উত্তর ভবন নির্মাণ খাতে ৪৮.০০ লক্ষ টাকা; নির্মানাধীন ৩য় ছাত্র হলের অবশিষ্ট অংশ (৩য়, ৪র্থ ও ৫ম তলার) উর্ধ্বমুখী সম্প্রসারণ (২৫০ ছাত্রের জন্য) খাতে ৭৫.০০ লক্ষ টাকা; ৭০০ আসন বিশিষ্ট ২য় ছাত্রী হলের অবশিষ্ট অংশ ১০তলা বিশষ্ট ভবন নির্মাণ খাতে ৫৫.০০ লক্ষ টাকা; ১০তলা ভিতে ৫ম তলা বিশিষ্ট ছাত্র হল নির্মাণ (৪৫০ জন ছাত্রের জন্য) খাতে ১০.০০ লক্ষ টাকা এবং ১২তলা বিশিষ্ট একাডেমিক কাম রিসার্চ ভবন নির্মাণ (বেসমেন্টসহ) খাতে ৭৮.০০ লক্ষ টাকাসহ মোট ৫৩৭৭.০০ লক্ষ টাকা অর্থাৎ প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের ১৫.৫৫% ব্যয় হয়েছে। প্রকল্পের সংস্থানকৃত অবশিষ্ট ভৌত কাজ, যন্ত্রপাতি ক্রয়, আসবাবপত্র ক্রয়সহ অন্যান্য আনুষঙ্গিক কার্যাদি সম্পাদনের জন্য বাস্তবায়ন মেয়াদ জুন ২০১৯ পর্যন্ত কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক কার্যাদি সম্পাদন করা হচ্ছে। জুন ২০১৭ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ৫০০২.০০ লক্ষ টাকা (১৪.৪৬%) এবং বাস্তব অগ্রগতি ১৫%।

- **ব্যবহৃত পণ্য/ উপকরণ:**

প্রকল্পের আওতায় চলমান ভৌত কাজের মান পরিদর্শনকালে সঠিকভাবে বজায় রাখা হচ্ছে মর্মে দেখা গেছে। অনুমোদিত স্পেসিফিকেশনের আলোকে অফিস যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়ের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ভৌত অবকাঠামো নির্মাণ কাজে স্থানীয় ব্র্যান্ডের সিমেন্ট, মেট্রোসেম টিএমটি ব্র্যান্ডের রড এবং আমদানিকৃত পাথর ব্যবহার করা হচ্ছে মর্মে দেখা গেছে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, ব্যবহৃত উপকরণ নিয়মিতভাবে বিশেষজ্ঞ প্রতিষ্ঠানের (বুয়েট) মাধ্যমে পরীক্ষা করে নির্মাণ কাজে ব্যবহার করা হচ্ছে।

**ঘ. সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে):**

প্রকল্পের আওতায় চলমান ভৌত কাজের সাইটে ঠিকাদার কর্তৃক সাইট বই সংরক্ষণ করা হচ্ছে না মর্মে দেখা গেছে। ফলে, সাইট পরিদর্শনকারীগণ পরিদর্শনের কোন তথ্য সম্পর্কে অবহিত হওয়া সম্ভব হয়নি। ভৌত কাজের কর্মপরিকল্পনা ও স্ট্যান্ডার্ড মেনে চলার বিষয়টি সাইট বই থেকে অবহিত হওয়া সম্ভব কিন্তু আলোচ্য প্রকল্পের ভৌত কাজে সাইট বই সংরক্ষণ না করার কারণে এ সংক্রান্ত তথ্য জানা যায়নি। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগ ও ঠিকাদার প্রতিষ্ঠানকে দ্রুত ভৌত কাজের সাইটে সাইট বই সংরক্ষণ ও তা যথাযথভাবে রক্ষনাবেক্ষণের নির্দেশনা প্রদান হয়েছে।

**ঙ. বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/ বাস্তবায়ন সমস্যা (যদি থাকে):**

প্রকল্পটি ভৌত অবকাঠামো নির্মাণ বিষয়ক হওয়ায় ভৌত কাজের ডিজাইন প্রণয়ন অত্যান্ত গুরুত্বপূর্ণ, কিন্তু ডিজাইন প্রণয়নের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব প্রকৌশল বিভাগের কোন সক্ষমতা নেই মর্মে প্রতীয়মান হয়েছে যার কারণে প্রকল্পের আওতায় ভৌত কাজ সম্পাদনের জন্য পরামর্শক প্রতিষ্ঠান ইসিএল, গণপূর্ত বিভাগ ও স্থাপত্য অধিদপ্তরের সহায়তা গ্রহণ করা হয়েছে। প্রকল্প প্রস্তাব প্রণয়ন যথাযথ না হওয়ায় প্রকল্পটির পরিকল্পিত কার্যক্রম নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না বরং প্রকল্প বাস্তবায়ন কাজ বিলম্বিত হচ্ছে। প্রকল্পের ভৌত কাজসমূহ মূল অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা মোতাবেক সম্পন্ন না করার কারণে সময়ক্ষেপনসহ প্রকল্পের অযাচিত ব্যয় বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। এছাড়া, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শক্তিশালীকরণ প্রকল্প বাস্তবায়নের প্রাতিষ্ঠানিক সক্ষমতার সীমাবদ্ধতা রয়েছে মর্মে প্রতীয়মান রয়েছে। বার বার প্রকল্প পরিচালক পরিবর্তন ও দক্ষ প্রকল্প পরিচালক নিয়োগে প্রতিবন্ধকতার কারণে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ব্যাহত হওয়ার সম্ভাবনা থাকে। প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ তথা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক বাস্তবায়নকারী সংস্থাকে সঠিক দিননির্দেশনা প্রদানের প্রয়োজন রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

**চ. সুবিধাভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে):**

আলোচ্য প্রকল্পের মূল উপকারভোগী মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর জনাব প্রফেসর ড. মোঃ আলাউদ্দিন পরিদর্শনকালে জানান যে প্রকল্পটি বাস্তবায়নের ফলে বিশ্ববিদ্যালয়ের ১১টি বিভাগের ৩৩০ জন শিক্ষক-কর্মকর্তা/কর্মচারী ও ৩৩০০ জন শিক্ষার্থীর স্থান সংকুলানের জন্য একটি ১২তলা বিশিষ্ট একাডেমিক কাম রিসার্চ ভবন নির্মাণের মাধ্যমে শিক্ষিত মানব সম্পদ তৈরী করা সম্ভব হবে; ৭০০ জন ছাত্র, ৭০০ জন ছাত্রী, ৫টি শিক্ষক পরিবার ও ৫টি কর্মকর্তা পরিবারের আবাসন সুবিধা প্রদান করে শিক্ষা ব্যবস্থার সার্বিক উন্নয়ন সাধন করা সম্ভব হবে; স্বচ্ছ, জবাবদিহিমূলক প্রশাসনিক সমন্বিত দাপ্তরিক পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের ৬৫০জন কর্মকর্তা-কর্মচারীর মধ্যে ৪৫০ জন কর্মকর্তা-কর্মচারীর দাপ্তরিক স্থান সংকুলানের সুযোগ তৈরী করা সম্ভব হবে; ল্যাবরেটরী সুবিধা, স্বাস্থ্য সেবা, খেলাধুলা সুবিধাদি ও পরিবহণ সেবার সাথে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সুযোগ বৃদ্ধি করা সম্ভব হবে; খেলাধুলার মাঠ, ছাত্র শিক্ষক কেন্দ্র, ইনডোর গেমস এবং বিশ্ববিদ্যালয়ে সহযোগী দপ্তরসমূহের স্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে শরীর চর্চা, সামাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ডে শিক্ষার্থীদের নিয়োজিত করে প্রকৃত মানব সম্পদ তৈরী করা সম্ভব হবে এবং উন্নত জীবন যাত্রার মাধ্যমে উন্নত শিক্ষা প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের রাস্তা, ড্রেন, গ্যাস সরবরাহ ও আয়রনমুক্ত পানি সরবরাহে সংশ্লিষ্ট সেবামূলক অবকাঠামোর উন্নয়ন করা সম্ভব হবে বলে তিনি উল্লেখ করেন। তবে, তিনি প্রকল্পের ভৌত কাজের বাস্তবায়ন অগ্রগতি ও মান বজায় রাখার বিষয়ে বিশ্ববিদ্যায়ের প্রকৌশল বিভাগের আরো নিবিড় মনিটরিং এর গুরুত্ব আরোপ করেন। প্রকল্পটি দীর্ঘদিন ধরে বাস্তবায়নাধীন থাকার পরও প্রস্তাবিত অবকাঠামো নির্মাণ কাজ এখনও সঠিকভাবে বাস্তবায়িত হয়নি বলে উল্লেখ করা হয়।

ছ. অন্যান্য বিষয় (যদি থাকে):

পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের সংস্থান মোতাবেক বিভিন্ন অবকাঠমো গড়ে তোলা হলেও এগুলোতে যাতায়ত করার জন্য বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ রাস্তাসমূহের উন্নয়ন করা হয়নি, ফলে অবকাঠামো গড়ে তোলা হলেও এর পূর্ণ ব্যবহার নিশ্চিত করার ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি হবে। এছাড়া, কার্যাদেশ প্রদানকৃত কয়েকটি ভবনের মূল কাজ এখনও আরম্ভ করা হচ্ছে না। ভবনসমূহের নির্মাণ কাজে আধুনিক প্রযুক্তি সম্পন্ন নির্মাণ উপকরণ ব্যবহার নিশ্চিত করা গেলে টেকসই উন্নয়ন সম্ভব হবে। ভৌত কাজ পুরোপুরিভাবে সম্পন্ন না হওয়ায় ভবনসমূহের বৈদ্যুতিক কাজ এখনও শুরু করা হয়নি, ফলে এগুলো ব্যবহার উপযোগী করে তুলতে আরো সময়ের প্রয়োজন হবে। এসব বিষয়ে ঠিকাদারের সাথে আলোচনা করে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগ ও প্রকল্প পরিচালককে পরামর্শ প্রদান করা হয়।

১৮. সার্বিক পর্যবেক্ষণ:

**প্রকল্প পরিদর্শনঃ** "মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের গৃহীত কার্যক্রম গত ২৪-০৩-২০১৮ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক, মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলী, ঠিকাদার প্রতিষ্ঠানের প্রকৌশলী, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের কর্মকর্তা এবং বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্প পরিদর্শন পর্যালোচনা নিম্নে তুলে ধরা হল:

১৮.১ প্রকল্পের আওতায় জুন, ২০১৭ পর্যন্ত বই ও সাময়িকী ক্রয় খাতে ২০.০০ লক্ষ টাকা; পরামর্শক সেবা খাতে ৫০.০০ লক্ষ টাকা; বিভিন্ন কমিটি'তে ভাতা ও সম্মানী খাতে ১০.০০ লক্ষ টাকা; বিবিধ খাতে ৭.০০ লক্ষ টাকা; যানবাহন ক্রয় (ছাত্রদের জন্য-২টি বাস, শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ১টি মিনিবাস ও ১টি মাইক্রোবাস ক্রয়) খাতে ১০৫.০০ লক্ষ টাকা; বৈজ্ঞানিক/ল্যাব যন্ত্রপাতি ক্রয় ৮৩৯.০০ লক্ষ টাকা; মেডিক্যাল যন্ত্রপাতি ক্রয় খাতে ৯০.০০ লক্ষ টাকা; ক্রীড়া সামগ্রী ক্রয় খাতে ২৯.০০ লক্ষ টাকা; অফিস যন্ত্রপাতি ক্রয় খাতে ৯০.০০ লক্ষ টাকা; ভূমি অধিগ্রহণ খাতে ৩৭৬২.০০ লক্ষ টাকা অর্থাৎ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৪৫৭৭.০০ লক্ষ টাকার ১৪.৫৬% (৫০০২.০০ লক্ষ টাকা) ব্যয় হয়েছে এবং ২৯৩৭৫.০০ লক্ষ টাকা এখনও অব্যয়িত রয়েছে। উল্লেখ্য, প্রকল্পটি ৩০শে জুন ২০১৯ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

১৮.২ প্রকল্প পরিচালক, বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলী ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া বিলম্ব, এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রাপ্তিতে বিলম্ব, ভৌত কাজের ডিজাইন প্রণয়ন, দরপত্র প্রক্রিয়াকরণ এবং প্রকল্পের অবস্থানগত বৈরীতার প্রেক্ষিতে প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুসারে প্রস্তাবিত কার্যক্রম নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। প্রকল্পের আওতায় প্রস্তাবিত ১০তলা বিশিষ্ট প্রশাসনিক অ্যানেক্স উত্তর ভবন নির্মাণ; ৭০০ আসন বিশিষ্ট ২য় ছাত্রী হলের অবশিষ্ট অংশ ১০তলা বিশষ্ট ভবন নির্মাণ; ১০তলা ভিতে ৫ম তলা বিশিষ্ট ছাত্র হল নির্মাণ (৪৫০ জন ছাত্রের জন্য); সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের জন্য আবাসিক ভবন নির্মাণ (১০ তলা ভিতে ৫ তলা পর্যন্ত) (প্রতি তলায় ০২টি ইউনিট গ্রেড ৩ ও ৪ এর জন্য); মাল্টিপারপাস ভবন নির্মাণ (১০তলা ভিতে ৫তলা পর্যন্ত) কার্যক্রম এখনও পুরোপুরিভাবে শুরু করা হয়নি। এছাড়া, প্রকল্পের আওতায় প্রস্তাবিত যানবাহন ক্রয় (ছাত্রদের জন্য-২টি বাস, শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ১টি মিনিবাস ও ১টি মাইক্রোবাস ক্রয়); বৈজ্ঞানিক/ল্যাব যন্ত্রপাতি ক্রয়; মেডিক্যাল যন্ত্রপাতি; ক্রীড়া সামগ্রী ক্রয়; অফিস যন্ত্রপাতি ক্রয়; প্রস্তাবিত ভবনসমূহের জন্য আসবাবপত্র ক্রয়; ভূমি অধিগ্রহণ; ভূমি উন্নয়ন; নির্মানাধীন ৩য় ছাত্র হলের অবশিষ্ট অংশ (৩য়, ৪র্থ ও ৫ম তলার) উর্ধ্বমুখী সম্প্রসারণ (২৫০ ছাত্রের জন্য); ১২তলা বিশিষ্ট একাডেমিক কাম রিসার্চ ভবন নির্মাণ (বেসমেন্টসহ); কালভার্ট নির্মাণ; আরসিসি ড্রেইন ও ঢাকনাযুক্ত ডাস্টবিন নির্মাণ; আয়রন রিমোভাল প্ল্যান্টসহ পানি সরবরাহ ব্যবস্থা কার্যক্রম এখনও পুরোপুরিভাবে সম্পন্ন করা হয়নি।

১৮.৩ প্রকল্পের আওতায় এখন পর্যন্ত মোট ৮টি প্যাকেজের আওতায় ভৌত এবং ১৫টি প্যাকেজের আওতায় পণ্য ক্রয় কাজের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ডিপিপি'তে প্রস্তাবিত ০৮টি কাজের আংশিক বিল পরিশোধ করা হয়েছে এবং প্রস্তাবিত পণ্য ক্রয়ের নিমিত্ত ০৪টি কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ০৪ টি কাজের মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। প্রস্তাবিত বই ও সাময়িকী ক্রয় খাতে ৬২.০০ লক্ষ টাকা; পরামর্শক সেবা খাতে ৫০.০০ লক্ষ টাকা; বিভিন্ন কমিটি'তে ভাতা ও সম্মানী খাতে ১০.০০ লক্ষ টাকা; বিবিধ খাতে ৭.০০ লক্ষ টাকা; যানবাহন ক্রয় (ছাত্রদের জন্য-২টি বাস, শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ১টি মিনিবাস ও ১টি মাইক্রোবাস ক্রয়) খাতে ১৮৭.০০ লক্ষ টাকা; বৈজ্ঞানিক/ল্যাব যন্ত্রপাতি ক্রয় খাতে ৯৪১.০০ লক্ষ টাকা; মেডিক্যাল যন্ত্রপাতি ক্রয় খাতে ১০৬.০০ লক্ষ টাকা; ক্রীড়া সামগ্রী ক্রয় খাতে ৩৯.০০ লক্ষ টাকা; অফিস যন্ত্রপাতি ক্রয় ৯০.০০ লক্ষ টাকা; ভূমি অধিগ্রহণ খাতে ৩৭৬২.০০ লক্ষ টাকা; ভূমি উন্নয়ন খাতে ৫৮.০০ লক্ষ টাকা; ১০তলা বিশিষ্ট প্রশাসনিক অ্যানেক্স উত্তর ভবন নির্মাণ খাতে ৪৮.০০ লক্ষ টাকা; নির্মানাধীন ৩য় ছাত্র হলের অবশিষ্ট অংশ (৩য়, ৪র্থ ও ৫ম তলার) উর্দ্ধমুখী সম্প্রসারণ (২৫০ ছাত্রের জন্য) খাতে ৭৫.০০ লক্ষ টাকা; ৭০০ আসন বিশিষ্ট ২য় ছাত্রী হলের অবশিষ্ট অংশ ১০তলা বিশষ্ট ভবন নির্মাণ খাতে ৫৫.০০ লক্ষ টাকা; ১০তলা ভিতে ৫ম তলা বিশিষ্ট ছাত্র হল নির্মাণ (৪৫০ জন ছাত্রের জন্য) খাতে ১০.০০ লক্ষ টাকা এবং ১২তলা বিশিষ্ট একাডেমিক কাম রিসার্চ ভবন নির্মাণ (বেসমেন্টসহ) খাতে ৭৮.০০ লক্ষ টাকাসহ মোট ৫৩৭৭.০০ লক্ষ টাকা অর্থাৎ প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের ১৫.৫৫% ব্যয় হয়েছে। অর্থাৎ প্রকল্পের আওতায় প্রস্তাবিত ভৌত অবকাঠামো নির্মাণ কাজ এবং মেশিনারী ও আসবাবপত্র ক্রয়ের বিপরীতে প্রাক্কলিত মোট প্রকল্প ব্যয়ের (৩৪৫৭৭.০০ লক্ষ টাকা) ১৫.৫৫% অর্থ ব্যয় হয়েছে। প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রস্তাবিত ভৌত কাজের অনেকাংশই এখনও বাকী রয়েছে।

১৮.৪ প্রকল্প দপ্তর থেকে সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, বেশ কিছু খাতে সম্পূর্ণ/আংশিক ব্যয় দেখানো হলেও বাস্তবে এসব আইটেমের কোন কার্যক্রমই এখনও শুরু করা হয়নি। যেমনঃ ১০তলা বিশিষ্ট প্রশাসনিক অ্যানেক্স উত্তর ভবন নির্মাণ খাতে ৪৮.০০ লক্ষ টাকা; ৭০০ আসন বিশিষ্ট ২য় ছাত্রী হলের অবশিষ্ট অংশ ১০তলা বিশষ্ট ভবন নির্মাণ খাতে ৫৫.০০ লক্ষ টাকা; ১০তলা ভিতে ৫ম তলা বিশিষ্ট ছাত্র হল নির্মাণ (৪৫০ জন ছাত্রের জন্য) খাতে ১০.০০ লক্ষ টাকা এবং ১২তলা বিশিষ্ট একাডেমিক কাম রিসার্চ ভবন নির্মাণ (বেসমেন্টসহ) খাতে ৭৮.০০ লক্ষ টাকাসহ ব্যয় দেখানো হয়েছে। প্রকৃতপক্ষে এসব খাতের কোন কার্যক্রম এখনও গ্রহণ করা হয়নি। একইভাবে প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় অনুসারে প্রকল্পের অগ্রগতি দেখানো হয়েছে প্রকৃতপক্ষে সংশ্লিষ্ট আইটেমের কার্যাদেশ মূল্য এবং এ খাতে পরিশোধের ভিত্তিতে প্রকল্পের আর্থিক অগ্রগতির তথ্য প্রদান করা সমীচিন হবে।

**সমস্যাঃ**

১। প্রকল্পটি গত ২৫/১০/২০১৬ তারিখে মোট ৩৪৫.৭৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হলেও প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা মোতাবেক ১ম ২ বছরের কার্যক্রম (২০১৬-১৭ ও ২০১৭-১৮) সঠিকভাবে সমাপ্ত করা সম্ভব হয়নি। বরং প্রকল্পটির অনুকূলে ২০১৭-১৮ অর্থ বছরে বরাদ্দকৃত ৪৮৪১.০০ লক্ষ টাকার যথাযথ ব্যবহার নিশ্চিত করাও সম্ভব হয়নি অর্থাৎ মার্চ ২০১৮ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ৩৭৫.০০ লক্ষ টাকা বা ৭.৭৫%। সঠিক সময়ে পরিকল্পিত কার্যক্রম বাস্তবায়িত না হওয়ার ফলে সরকারের অযাচিত ব্যয় বৃদ্ধির (পরিচালনা ও রক্ষণাবেক্ষন ব্যয়) পাশাপাশি সরকারের উন্নয়ন বাজেট (এডিপি) বাস্তবায়নের লক্ষ্য অর্জনে প্রতিবন্ধকতার সৃষ্টি হওয়ার সম্ভাবনা থেকে যাবে। এক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থা ও প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে তথা বাস্তবমুখী প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়নে দূরদৃষ্টির অভাব প্রতীয়মান হয়েছে।

২। প্রকল্পটি জুন ২০১৯ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে, কিন্তু এখনও প্রকল্পের মূল কার্যক্রম ভৌত কাজের বেশ কয়েকটি অংশ যেমন ১০তলা বিশিষ্ট প্রশাসনিক অ্যানেক্স উত্তর ভবন নির্মাণ; ৭০০ আসন বিশিষ্ট ২য় ছাত্রী হলের অবশিষ্ট অংশ ১০তলা বিশষ্ট ভবন নির্মাণ, ১০তলা ভিতে ৫ম তলা বিশিষ্ট ছাত্র হল নির্মাণ (৪৫০ জন ছাত্রের জন্য) এবং ১২তলা বিশিষ্ট একাডেমিক কাম রিসার্চ ভবন নির্মাণ (বেসমেন্টসহ) ইত্যাদি এখনও শুরু করা হয়নি। প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রস্তাবিত ভৌত কাজসমূহ প্রকল্পের নির্ধারিত মেয়াদ জুন, ২০১৯ এর মধ্যে সমাপ্ত করা না গেলে সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচী'র সুষ্ঠু বাস্তবায়ন বিলম্বিত হওয়ার সম্ভাবনা রয়েছে। প্রকল্পের জন্য নির্ধারিত বরাদ্দ ব্যয় করার লক্ষ্যে প্রস্তাবিত ভৌত কার্যক্রমগুলো এখনই দক্ষ তত্বাবধান ব্যবস্থায় পুরোপুরিভাবে শুরু করা প্রয়োজন, তা না হলে সামগ্রিকভাবে উন্নয়ন কর্মকান্ড পরিচালনায় প্রতিবন্ধকতার সৃষ্টি হওয়ার আশংকা থেকে যাবে।

৩। প্রকল্প বাস্তবায়নে প্রকল্প ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক কোন কর্মপরিকল্পনা (Work Plan), Gantt Chart, CPM, PERT Approach অনুসরণ করেননি। ফলে, সময় নির্ধারিত লক্ষ্যমাত্রা না থাকায় এবং প্রকল্পের গুরুত্ব বিবেচনায় সঠিক সময়ে কার্যক্রম গ্রহন না করায় প্রকল্পটি'র নির্ধারিত গুরুত্বপূর্ণ কার্যক্রম বাস্তবায়নে বিলম্ব হচ্ছে।

৪। প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমে গতিশীলতা আনার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের নিবীড় তত্বাবধান থাকা প্রয়োজন। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ হিসেবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন তথা মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে সঠিক দিকনির্দেশনা প্রদানের প্রয়োজন রয়েছে। উল্লেখ্য, অনুমোদিত প্রকল্প প্রস্তাব মোতাবেক প্রকল্পের স্টিয়ারিং কমিটি ও প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে না মর্মে পরিদর্শনকালে জানা গেছে।

৫। মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং ডিভিশন ও পরিকল্পনা বিভাগের জনবলের স্বল্পতার কারণে প্রকল্পটি'র ভৌত কাজ বাস্তবায়নে পরামর্শক প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করা হয়েছে। জনবলের স্বল্পতার কারণে প্রকল্পের বাস্তবায়ন কাজ তত্বাবধান করাসহ সামগ্রিকভাবে অগ্রগতি অর্জন করা সম্ভব হচ্ছে না মর্মে প্রকল্প পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে। বাস্তবায়নকারী সংস্থার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সক্ষমতা বিবেচনায় এনে যুক্তিসঙ্গতভাবে প্রকল্প গ্রহণ করা হলে সময় নির্ধারিত উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন ত্বরান্বিত করা সম্ভব হবে।


৬। প্রকল্প ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সক্ষমতার অভাব থাকায় প্রকল্পের প্রস্তাবিত কাজের সুষ্ঠু তদারকী যেমন ব্যাহত হচ্ছে ঠিক তেমনি প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সঠিক তথ্যাদির ভিত্তিতে প্রতিবেদন প্রণয়ন না করায় প্রকল্পের সঠিক অবস্থা তুলে আনা সম্ভব হচ্ছে না। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আলোচ্য প্রকল্পটি'র বিষয়ে বিস্তারিত তথ্যাদি আইএমইডি'কে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।



৭। প্রকল্পের অনুকূলে চলতি ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ৪৮৪১.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে, কিন্তু অদ্যাবধি (মার্চ ২০১৮) মাত্র ৩৭৫.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ চলতি ২০১৭-১৮ অর্থ বছরে মার্চ, ২০১৮ পর্যন্ত আলোচ্য প্রকল্পের আর্থিক অগ্রগতি ৭.৭৫%। প্রকল্পের অনুকূলে নির্ধারিত এডিপি বরাদ্দ ব্যয়ের সময়োচিত পদক্ষেপ গ্রহণ না করা হলে সরকারের এডিপি বাস্তবায়ন সামগ্রিকভাবে ব্যাহত হওয়ার আশংকা থেকে যাবে। ফলে, আলোচ্য প্রকল্পের অনুকূলে চলতি ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয়ের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যথাশীঘ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮। প্রকল্পের আওতায় প্রস্তাবিত ভৌত কাজ পরামর্শক প্রতিষ্ঠানের সহায়তায় বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। প্রস্তাবিত কাজের মধ্যে ৮টি ভৌত কাজ চলমান রয়েছে। এর মধ্যে প্রত্যেকটি কাজের কার্যাদেশের নির্ধারিত মেয়াদ অনুযায়ী কর্মপরিকল্পনা মোতাবেক বাস্তবায়ন করা হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগের প্রধান প্রকৌশলী জানান, প্রকল্প অনুমোদনে বিলম্ব, এডিপি'তে বরাদ্দ প্রাপ্তিতে সময়ক্ষেপন ও দরপত্র প্রক্রিয়াকরণে বিলম্বের কারণে কিছুটা বেশি সময় অতিবাহিত হয়েছে। এছাড়া, ঠিকাদারের গাফিলতির কারণে ইতোমধ্যে কয়েকটি ভবনের নির্মাণ কাজ শুরু হলেও প্রত্যাশা অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে। কার্যাদেশের মেয়াদ অনুযায়ী নির্ধারিত সময়ে ভৌত কাজ বাস্তবায়নে পিপিআর-২০০৮ এর নির্দেশনা অনুসরণ করার বিষয়ে প্রকল্প পরিচালক ও ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে আলোচনা করা হয়।

৯। প্রকল্পের আওতায় ১৭৮৮.০০ লক্ষ টাকার বৈজ্ঞানিক যন্ত্রপাতি; ১৩৬.০০ লক্ষ টাকার অফিস যন্ত্রপাতি ও ১০৬.০০ লক্ষ টাকার মেডিকেল যন্ত্রপাতি ক্রয়ের সংস্থান রয়েছে। এর প্রেক্ষিতে ইতোমধ্যে ৮৩৯.০০ লক্ষ টাকার বৈজ্ঞানিক যন্ত্রপাতি; ৯০.০০ লক্ষ টাকার অফিস যন্ত্রপাতি এবং ৯০.০০ লক্ষ টাকার মেডিকেল যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে মর্মে পরিদর্শনকালে জানানো হয়। কিন্তু ক্রয়কৃত যন্ত্রপাতির কোন Inventory করা হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে। ফলে কি পরিমাণ যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে এবং এগুলো কোথায় কিভাবে বিতরণ করা হয়েছে সে সম্পর্কিত কোন তথ্য পাওয়া যায়নি। প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি ও আসবাবপত্র নির্ধারিত লক্ষ্য অর্জনে ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি সঠিকভাবে ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক তদারকী করা প্রয়োজন।

১৯. প্রকল্প পরিদর্শনের স্থির/ভিডিও চিত্র ও বর্ণনা:

| চিত্র | বর্ণনা |
|---|---|
|  চিত্রঃ১-মাটি ভরাটসহ আভ্যন্তরীণ আরসিসি রাস্তা নির্মাণ। | প্রকল্পের আওতায় প্রস্তাবিত মাটি ভরাটসহ আভ্যন্তরীণ আরসিসি রাস্তা নির্মাণ খাতে ৪১৫.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এর মধ্যে ২৩.৭৭ লক্ষ টাকা ইতোমধ্যে ব্যয় হয়েছে। কেন্দ্রীয় মসজিদ হতে শিক্ষক ডরমেটরী পর্যন্ত মাটি ভরাটসহ আভ্যন্তরীণ আরসিসি রাস্তা নির্মাণের লক্ষ্যে গত ১৮.১১.২০১৭ তারিখে ২৩.৭৭ লক্ষ টাকায় কার্যাদেশ প্রদান হয়। কার্যাদেশ মোতাবেক উক্ত কাজটি ১৮.০২.২০১৮ তারিখে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল এবং উক্ত সময়ের মধ্যে কাজটি সম্পন্ন হয়েছে মর্মে দেখা গেছে। উক্ত কাজটি নির্মাণ শেষে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর কর্তৃক উদ্বোধন করা হয়েছে মর্মেও দেখা গেছে। প্রকল্পের আওতায় নির্মিত মাটি ভরাটসহ আভ্যন্তরীণ আরসিসি রাস্তাসমূহের নিয়মিত মেরামত ও রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক ও বিশ্ববিদ্যালয় প্রকৌশল বিভাগ কে প্রকল্প পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করা হয়। |

| | |
|---|---|
| <br>চিত্রঃ২-সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের জন্য আবাসিক ভবন নির্মাণ (১০ তলা ভিতে ৫ তলা পর্যন্ত) (প্রতি তলায় ০২টি ইউনিট গ্রেড ৩ ও ৪ এর জন্য)। | প্রকল্পের আওতায় প্রস্তাবিত সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের জন্য আবাসিক ভবন নির্মাণ (১০ তলা ভিতে ৫ তলা পর্যন্ত) (প্রতি তলায় ০২টি ইউনিট গ্রেড ৩ ও ৪ এর জন্য) নির্মাণ খাতে ৭০২.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এর মধ্যে অদ্যাবধি কোন অর্থ ব্যয় হয়নি। সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের জন্য আবাসিক ভবন নির্মাণ (১০ তলা ভিতে ৫ তলা পর্যন্ত) (প্রতি তলায় ০২টি ইউনিট গ্রেড ৩ ও ৪ এর জন্য) কাজের জন্য গত ২৩.০১.২০১৮ তারিখে ৬৫৯.০০ লক্ষ টাকায় কার্যাদেশ প্রদান হয়। কার্যাদেশ প্রদান করা হলেও উক্ত কাজটি এখনও শুরু করা হয়নি মর্মে দেখা গেছে। বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলী জানান যে, ঠিকাদার কর্তৃক সাইট অফিস স্থাপন করা হয়েছে এবং নির্মাণ সামগ্রী সাইটে আনা হচ্ছে, নির্ধারিত সময় জুন ২০১৯ এর মধ্যে কাজটি সম্পন্ন করা সম্ভব হবে বলে তিনি উল্লেখ করেন। প্রকল্প মেয়াদ এবং কার্যাদেশকৃত সময়ের মধ্যে সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের জন্য আবাসিক ভবন নির্মাণ (১০ তলা ভিতে ৫ তলা পর্যন্ত) (প্রতি তলায় ০২টি ইউনিট গ্রেড ৩ ও ৪ এর জন্য) কাজটি সমাপ্ত করার নিমিত্ত নিয়মিত মনিটরিং ও তত্ত্বাবধানের বিষয়ে প্রকল্প পরিচালক ও বিশ্ববিদ্যালয় প্রকৌশল বিভাগ কে দিকনির্দেশনা প্রদান করা হয়। নির্মাণ কাজ শেষে ভবনটিকে পুরাপুরিভাবে কার্যোপযোগী করে তোলার লক্ষ্যে ফিনিশিং কাজসহ কানেকটিং রোড নির্মাণ, আসবাবপত্র ও যন্ত্রপাতি সরবরাহ কাজ দ্রুত সম্পন্ন করার জন্যও পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করা হয়। |
| <br>চিত্রঃ৩- কালভার্ট নির্মাণ। | প্রকল্পের আওতায় প্রস্তাবিত ৪টি কালভার্ট নির্মাণ খাতে ১২০.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এর মধ্যে অদ্যাবধি কোন অর্থ ব্যয় হয়নি মর্মে জানা গেছে। একটি কালভার্ট নির্মাণের লক্ষ্যে গত ১৮.১১.২০১৭ তারিখে ৫২.৬৯ লক্ষ টাকায় কার্যাদেশ প্রদান হয়। কার্যাদেশ মোতাবেক উক্ত কাজটি ১৮.০৩.২০১৮ তারিখে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও এখন পর্যন্ত কেবল মাত্র কালভার্ট এর বেইজমেন্ট নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগের প্রকৌশলী জানান যে, নির্মাণ সামগ্রীর অপ্রতুলতা এবং ঠিকাদারের গাফিলতির কারণে উক্ত কাজটি সম্পন্ন করতে বিলম্ব হয়েছে। উক্ত |

| | |
|---|---|
| | কালভার্ট নির্মাণ কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করা হয়। নির্মাণাধীন কালভার্টটিকে পুরাপুরিভাবে কার্যোপযোগী করে তোলার লক্ষ্যে ফিনিশিং কাজসহ কানেকটিং রোড নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করা হয়। |
|  চিত্রঃ৪-নির্মানাধীন ৩য় ছাত্র হলের অবশিষ্ট অংশ (৩য়, ৪র্থ ও ৫ম তলার) উর্ধ্বমুখী সম্প্রসারণ (২৫০ ছাত্রের জন্য)। | প্রকল্পের আওতায় প্রস্তাবিত নির্মানাধীন ৩য় ছাত্র হলের অবশিষ্ট অংশ (৩য়, ৪র্থ ও ৫ম তলার) উর্ধ্বমুখী সম্প্রসারণ (২৫০ ছাত্রের জন্য) নির্মাণ খাতে ৯৯১.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এর মধ্যে ৭৫.০০ লক্ষ টাকা ইতোমধ্যে ব্যয় হয়েছে। নির্মানাধীন ৩য় ছাত্র হলের অবশিষ্ট অংশ (৩য়, ৪র্থ ও ৫ম তলার) উর্ধ্বমুখী সম্প্রসারণ (২৫০ ছাত্রের জন্য) নির্মাণের লক্ষ্যে গত ১৮.১১.২০১৭ তারিখে ৮৫২.৪৬ লক্ষ টাকায় কার্যাদেশ প্রদান হয়। উক্ত ভবনটি নির্মাণ কাজের অংশ হিসেবে ৩য় তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে এবং ৪র্থ তলার ছাদ ঢালাইয়ের কাজ চলছে, ৫ম তলার ছাদ ঢালাই এবং ফিনিশিং কাজ এখনও বাকী রয়েছে। তবে, ঠিকাদার কর্তৃক বর্তমানে কাজ বন্ধ রাখা হয়েছে মর্মে জানা গেছে। উক্ত কাজটি কার্যাদেশ মোতাবেক ৩০.০৪.২০১৮ তারিখের মধ্যে সম্পন্ন করার কথা থাকলেও এখন পর্যন্ত উক্ত কাজের ৪৫% কাজ সমাপ্ত হয়েছে। কার্যাদেশ মেয়াদের মধ্যে উক্ত কাজটি সম্পন্ন করা সম্ভব হবে না মর্মে প্রতীয়মান হয়েছে। কার্যাদেশের অনুমোদিত সময় বিবেচনায় উক্ত কাজটি দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে ঠিকাদার প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগ এবং প্রকল্প পরিচালককে প্রকল্প পরিদর্শনকালে দিকনির্দেশনা প্রদান করা হয়। ভবনটিকে পুরাপুরিভাবে কার্যোপযোগী করে তোলার লক্ষ্যে ফিনিশিং কাজসহ কানেকটিং রোড নির্মাণ, আসবাবপত্র ও যন্ত্রপাতি সরবরাহ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য পরিদর্শনকালে নির্দেশনা প্রদান করা হয়। |

২০. সুপারিশ/মতামত:

২০.১ প্রকল্পটি নির্ধারিত মেয়াদ জুন ২০১৯ এ সমাপ্ত করার নিমিত্ত প্রকল্পের আওতায় প্রস্তাবিত ১০তলা বিশিষ্ট প্রশাসনিক অ্যানেক্স উত্তর ভবন নির্মাণ; ৭০০ আসন বিশিষ্ট ২য় ছাত্রী হলের অবশিষ্ট অংশ ১০তলা বিশষ্ট ভবন নির্মাণ; ১০তলা ভিতে ৫ম তলা বিশিষ্ট ছাত্র হল নির্মাণ (৪৫০ জন ছাত্রের জন্য) এবং ১২তলা বিশিষ্ট একাডেমিক কাম রিসার্চ ভবন নির্মাণ (বেসমেন্টসহ) ইত্যাদি কাজসহ সকল ভৌত কাজ দ্রুত সম্পন্ন করার বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করা;

২০.২ চলমান ভৌত কাজগুলো ঠিকাদার কর্তৃক কর্মপরিকল্পনা মোতাবেক বাস্তবায়ন না করে কাজ বন্ধ রাখার বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক খতিয়ে দেখে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করা;

২০.৩ উন্নয়ন প্রকল্পের কার্যক্রমের স্বচ্ছতা বিধানের নিমিত্ত নির্ধারিত নিয়মে সঠিক সময়ে অডিট করানোর বিষয়টি প্রকল্প পরিচালক ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নিশ্চিত করা;

২০.৪ প্রকল্পের আওতায় প্রস্তাবিত অঙ্গওয়ারী বাস্তবায়ন কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ যথাসময়ে সঠিকভাবে ব্যয় নিশ্চিত করার জন্য বাস্তবায়নকারী সংস্থা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক স্বল্পতম সময়ের মধ্যে একটি সময়নির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করা;

২০.৫ প্রকল্পের প্রকৃত উপকারভোগী অর্থাৎ মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণের বাস্তব চাহিদা বিবেচনায় এনে প্রকল্পের সফল বাস্তবায়ন নিশ্চিতকরণে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কার্যকর পদক্ষেপ গ্রহণ করা;

২০.৬ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সরকারের অযাচিত ব্যয় পরিহার করে উন্নয়ন বাজেট (এডিপি) বাস্তবায়নের লক্ষ্য অর্জনের নিমিত্ত বাস্তবায়নকারী সংস্থা ও প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে তথা বাস্তবমুখী প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়নে দূরদৃষ্টিসম্পন্ন নীতি অনুসরণ করা;

২০.৭ প্রকল্পের সকল কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক সুনির্দিষ্ট কর্মকৌশল প্রণয়ন করে তা অনুসরণ করবে এবং প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক তা তদারকী করা;

২০.৮ প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আলোচ্য প্রকল্পটি'র বিষয়ে বিস্তারিত তথ্যাদি আইএমইডি'কে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

২০.৯ প্রকল্পের অনুকূলে চলতি ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দকৃত অর্থ অবমুক্ত করা এবং অর্থ যথাযথভাবে ব্যয়ের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যথাশীঘ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

২০.১০ প্রকল্পের আওতায় চলমান ভৌত কাজের কার্যাদেশের নির্ধারিত মেয়াদ বিবেচনায় এনে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্নকরণে প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষের জোর তৎপরতা অবলম্বন করা। এবং এক্ষেত্রে পিপিআর-২০০৮ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা;

২০.১১ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি ও আঁসবাবপত্রের Inventory প্রণয়ন নিশ্চিত করা। প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি ও আসবাবপত্র সঠিকভাবে ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও প্রকল্প দপ্তর কর্তৃক তদারকী করা;

২০.১২ প্রকল্পটি নির্ধারিত সময়ে কিভাবে সফলভাবে বাস্তবায়ন করা হবে সে বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা ও প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ যৌথভাবে Strategic Plan (Gantt Chartসহ) প্রণয়ন করে আইএমইডি'কে অবহিত করা;

২০.১৩ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থার সক্ষমতা বৃদ্ধিতে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যথাযথ পদক্ষেপ গ্রহণ করা;

৪২

২০.১৪ উন্নয়ন প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের কাজের অগ্রগতি অবহিতকরণের পাশাপাশি উদ্ভুত সমস্যা নিরসনের কার্যকর পদক্ষেপ গ্রহনের নিমিত্ত প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান মোতাবেক নিয়মিতভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) ও প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা আহ্বান করা;

২০.১৫ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা তথা সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আইএমইডি-০৫ ও ০৩ ছকে তথ্যাদি নিয়মিতভাবে আইএমইডি'তে প্রেরণ করা;

২০.১৬ অনুচ্ছেদ ২০.১ হতে ২০.১৬ এর সুপারিশসমূহ অনুসরণ এবং তার আলোকে গৃহীত ব্যবস্থা মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আইএমইডি-কে অবহিত করা।

পরিদর্শনকারী কর্মকর্তা

স্বাক্ষর:

নাম: মোহাম্মদ আরিফুর রহমান

পদবী: উপ-পরিচালক

তারিখ: 20.০৬.২০১৮ইং

ফোন নম্বর: ৯১১৭৫৭৯

মোঃ আরিফুর রহমান
উপ-পরিচালক
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার